# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ দানকারীর জন্য ফেরেস্তাগণ প্রতিবদলা প্রাপ্তি আর দান না করে সম্পদ ধারণকারীর জন্য ধ্বংসের দুআ মর্মে হাদীস

ذِكْرُ دُعَاءِ الْمَلَكِ لِلمُنفِق بِالْخَلَفِ وَلِلْمُمْسِكِ بالتَّلف

আরবী

3323 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ: عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(إِنَّ مَلَكًا بباب مِنْ أَبْوَابِ الْجَنَّةِ يَقُولُ: (مَنْ يُقرضِ الْيَوْمَ يُجْزَ غَدًا ومَلَكٌ بباب آخَرَ يَقُولُ: اللَّهُمَّ اعْطِ مُنفقاً خَلَفًا وأعْطِ مُمسكاً تَلَفًا)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3323 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (920).

বাংলা

৩৩২৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই জান্নাতের এক দরজায় একজন ফেরেস্তা বলেন, “যে ব্যক্তি আজকে ঋণ দিবে, তাকে আগামীকাল প্রতিদান দেওয়া হবে। আরেক দরজায় আরেকজন ফেরেস্তা বলেন, “হে আল্লাহ, আপনি খরচকারীকে প্রতিবদলা দিন আর (দান না করে) সম্পদ ধারণকারীকে ধ্বংস করে দিন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩০৫-৩০৬; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১০/১৫০; সহীহুল বুখারী: ১৪৪২; সহীহ মুসলিম: ১০১০; বাগাবী: ১৬৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৯২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92654

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন